দৈনিক সংবাদ

তারিখ ... 20 SEP. 1988 ...
পৃষ্ঠা ... ... 1 কলাম 5 ... ...

054

এসএসসি ও এইচএসসি

# প্রাইভেট টিউটরগণ পরীক্ষার সাথে সংশ্লিষ্ট হতে পারবেন না

॥ শওকত মাহমুদ ॥

মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের প্রাইভেট টিউটরগণ এসএসসি বা এইচ এসসি পরীক্ষার প্রশ্ন তৈরী, খাতা দেখা বা কোনভাবে সংশ্লিষ্ট হতে পারবেন না।

সম্প্রতি এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্রে

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

এইচএসসি ও এসএসসি

(১ম পাতার পর)

জানা গেছে।

যেসব শিক্ষক এসএসসি বা এইচএসসি পরীক্ষার খাতা দেখবেন অথবা কোনভাবে পরীক্ষার সাথে সংশ্লিষ্ট থাকবেন, তাদেরকে নির্ধারিত ফরমে লিখিত অঙ্গীকার করতে হবে যে, তারা প্রাইভেট টিউশনের সাথে জড়িত নন।

কেন এ পদক্ষেপ—এ প্রশ্নের জবাবে সূত্র জানান, অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে যেসব বিত্তবান বা সচ্ছল ঘরের সন্তানরা ভাল রেজাল্ট করছে তাদের গৃহশিক্ষকের সংখ্যা অনেক। অধিকাংশ বিষয়ে গৃহশিক্ষক রয়েছে। সম্প্রতি ব্যাপকভাবে অভিযোগ পাওয়া গেছে, নামী গৃহশিক্ষক রাখলে পরীক্ষার ক্ষেত্রে সুবিধা পাওয়া যায়। ভাল সাজেশন মেলে। এসব শিক্ষক পরীক্ষার সাথে সংশ্লিষ্ট থাকেন এবং নিজের ছাত্রদের ব্যাপারটা দেখেন। নামী শিক্ষকদের বাসায় ছাত্ররা চড়া টিউশন ফি দিয়ে গ্রুপ বেঁধে পড়তে যায়। এমন অভিযোগও এসেছে যে, পরীক্ষার সাথে সংশ্লিষ্টদের সন্তানরা ভাল রেজাল্ট করেছে ভিন্নভাবে। এসব কারণেই নানাদিক ভেবে সিদ্ধান্ত নেয়া হয়েছে। কিন্তু শিক্ষক বাদে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সন্তানদেরও সুবিধা পাবার প্রশ্ন আছে এবং লিখিত অঙ্গীকার পালিত হচ্ছে কীনা তা কীভাবে দেশজুড়ে দেখা সম্ভব, এ প্রশ্নের জবাবে সূত্র বলেন, কর্মকর্তাদের ব্যাপারটি জটিল হলেও সে ব্যাপারে পদক্ষেপ নেয়া হবে। অন্যদিকে লিখিত অঙ্গীকার লংঘিত হচ্ছে কীনা তা দেখার ব্যবস্থা থাকবে। শহরাঞ্চলে কড়া তদারকি ব্যবস্থা থাকবে।